

# المجلس التوجيهي لعلوم القرآن بتفويض بتغلاوليس

নূরানী তালিমুল কুরআন বোর্ড চট্টগ্রাম বাংলাদেশ

প্রধান কার্যালয়: আল্ জামিয়াতুল আহলিয়া দারুল উলুম মুঈনুল ইসলাম  
হাটহাজারী চট্টগ্রাম, বাংলাদেশ।



NOORANI TALIMUL QURAN BOARD CHITTAGONG BANGLADESH

Head Office: Al Jamiatul Ahlia Darul Uloom Moinul  
Islam Hathazari, Chittagong, Bangladesh.

www.nooraniboardctg.com

তারিখ: ০৫/০৫/২০২৩ইং

আসসালামুআলাইকুম ওয়ারাহ্মাতুল্লাহ

জনাব,

মুহতারাম পরিচালক সাহেব,

আশাকরি সুস্থ থেকে তালীমে কুরআনের জন্য সর্বাঙ্গিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন, আল্লাহ তা'য়ালার আপনার এই মেহনতকে কবুল করুন-আমীন।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নূরানী তালিমুল কুরআন বোর্ড চট্টগ্রাম বাংলাদেশ কর্তৃক পরিচালিত সকল নূরানী মাদ্রাসা সমূহের ২০২৩ সালের তৃতীয় শ্রেণির কেন্দ্রীয় সনদ পরীক্ষা আগামী ০৩ ডিসেম্বর ২০২৩খ্রীঃ রোজ রবিবার শুরু হয়ে ০৭ ডিসেম্বর ২০২৩খ্রীঃ রোজ বৃহস্পতিবার শেষ হবে, ইনশা-আল্লাহ।

প্লে, নার্সারী, প্রথম ও দ্বিতীয় শ্রেণির বার্ষিক পরীক্ষা ০৯ ডিসেম্বর ২০২৩খ্রীঃ রোজ শনিবার শুরু হয়ে ১৩ ডিসেম্বর ২০২৩খ্রীঃ রোজ বুধবার শেষ হবে, ইনশা-আল্লাহ।

## -ঃ প্রতিষ্ঠানের করণীয় :-

☞ তৃতীয় শ্রেণির শিক্ষার্থীদের (১) রোল নং (২) ছাত্র-ছাত্রীর নাম (৩) পিতার নাম (৪) মাতার নাম (৫) জন্মতারিখ ও প্লে, নার্সারী, প্রথম, ও দ্বিতীয় শ্রেণির ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং পরিচালক, পরীক্ষক ও পরীক্ষা সংক্রান্ত যোগাযোগের নাম ও মোবাইল নং সহ আগামী ০১ জুলাই হতে ৩০ সেপ্টেম্বর ২০২৩খ্রীঃ এর মধ্যে অনলাইনে নিবন্ধন শেষ করতে হবে।

☞ ২৫ অক্টোবর ২০২৩খ্রীঃ মধ্যে নিবন্ধন বিষয়ক সংশোধন ও ছাত্র-ছাত্রীদের যোজন-বিয়োজনের কাজ শেষ করতে হবে।  
২০২৩ সালের পরীক্ষার ফিঃ নির্ধারণঃ মাদ্রাসা কর্তৃপক্ষ প্রত্যেক ছাত্র-ছাত্রীর পক্ষ থেকে প্লে- ৮০ টাকা নার্সারী- ৯০ টাকা, প্রথম শ্রেণি- ১১০ টাকা, দ্বিতীয় শ্রেণি- ১৩০ টাকা ও তৃতীয় শ্রেণি- ৩৩০ টাকা করে নির্ধারিত সময়ের মধ্যে ফিঃ উত্তোলন করতে হবে।

☞ পরীক্ষা সংক্রান্ত চিঠিখানা হস্তগত হওয়ার সাথে সাথে পরীক্ষার ফি'র এলান করতে হবে। প্লে ৩০ টাকা, নার্সারী ৪০ টাকা, প্রথম শ্রেণি- ৫৫ টাকা, দ্বিতীয় শ্রেণি- ৬৫ টাকা, তৃতীয় শ্রেণি- ২০০ টাকা এবং বোর্ড কর্তৃক ধার্যকৃত বোর্ড ফিঃ ১০০০/= (এক হাজার) টাকা (অনাদায়ী থাকলে) আগামী ০৪ নভেম্বর ২০২৩খ্রীঃ এর মধ্যে বোর্ড কার্যালয়/শাখা কার্যালয়ে অবশ্যই পৌঁছাতে হবে। অন্যথায় আপনার মাদ্রাসার পরীক্ষা কার্যক্রম চালাতে বিঘ্ন সৃষ্টি হবে।

☞ আসন্ন বার্ষিক পরীক্ষায় আপনার মাদ্রাসার যে কোন একজন শিক্ষককে (পূর্বের ন্যায়) বোর্ডের পক্ষ হতে পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন দায়িত্ব দেওয়া হবে। উক্ত দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য। তাই এখন থেকে আপনার মাদ্রাসার মনোনীত শিক্ষককে অবগত করানো এবং বোর্ড কার্যালয়ে তার নাম পৌঁছানো জরুরী।

◆ পরীক্ষার্থী রেজিস্ট্রেশনের নিয়মাবলী: nooraniboardctg.com/login (নিজ প্রতিষ্ঠান কোড) ও (পাসওয়ার্ড) 12345678 বা নিজস্ব পাসওয়ার্ড দিয়ে সাবমিট করুন, মেনু হতে পরীক্ষার্থী সম্পর্কিত ➔ নতুন পরীক্ষার্থীতে ক্লিক করে ফর্ম পূরণ করুন এবং ০১৩২২-৮৯১০২০, ০১৩২২-৮৯১০৪০, ০১৩২২-৮৯১০৫০ কল করে আপনার নিবন্ধন সম্পন্ন হয়েছে কিনা তা নিশ্চিত করার অনুরোধ রইল। নিবন্ধন করার পর কোন ভুল আছে কিনা তা দেখার জন্য একটি কপি প্রিন্ট করুন।

বি. দ্র. বোর্ড ফি. ও পরীক্ষা ফি. সরাসরি অথবা মোবাইলে বিকাশ/নগদ/রকেট 01771-555000 এ পরিশোধ করা যাবে। ফি জমার পর অবশ্যই রশিদ নম্বর জেনে নিবেন এবং টাকা পাঠানোর তারিখ ও মোবাইল নম্বর লিখে রাখবেন।

সালামান্তে-

মহাসচিব  
মুফতী জসিম উদ্দীন (দা.বা.)

পরীক্ষা নিয়ন্ত্রক-  
মুফতী মুহাম্মদ আলী

কেন্দ্রীয় কার্যালয়: রেল স্টেশন রোড, হাটহাজারী পৌরসভা, চট্টগ্রাম-৪৩৩০, বাংলাদেশ।

ফোন: ০১৭৭১-৫৫৫০০০, ০১৩২২-৮৯১০০৫, ০১৩২২-৮৯১০১০, ০১৩২২-৮৯১০২০, ০১৩২২-৮৯১০৪০, ০১৩২২-৮৯১০৫০

E-mail: nooraniboardctg@gmail.com, Facebook: nooraniboardctg